দৈনিক আমাদের সময়

3 OCT 2017

বিসিএস ছাড়া ক্যাডার

# মর্যাদা নিয়ে কলেজ শিক্ষকরা দ্বিধাবিভক্ত

এম এইচ রবিন ●
বিসিএস পরীক্ষা ছাড়া ক্যাডার মর্যাদা নিয়ে দ্বিধাবিভক্ত বেসরকারি আত্তীকরণ কলেজ শিক্ষক এবং সরকারি কলেজ শিক্ষকরা।

বিসিএসের মাধ্যমে নিয়োগ পাওয়া শিক্ষকদের দাবি, জাতীয়করণ করা কলেজ শিক্ষকদের নন-ক্যাডার হিসেবে ঘোষণা দিতে হবে; কোনোভাবেই তাদের ক্যাডার মর্যাদা দেওয়া যাবে না। অন্যদিকে জাতীয়করণের মাধ্যমে নিয়োগ পাওয়া শিক্ষকদের এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

## মর্যাদা নিয়ে কলেজ

(প্রথম পৃষ্ঠার পর) দাবি, অতীতে এ প্রক্রিয়ায় নিয়োগ পাওয়া কলেজ শিক্ষকদের ক্যাডার মর্যাদা দেওয়া হয়েছে, এখনো তা অব্যাহত রয়েছে এবং ভবিষ্যতেও রাখতে হবে। সরকার যদি তার অবস্থান থেকে সরে আসে, তা হলে তারাও আন্দোলনে নামবেন। বিসিএস পরীক্ষার মাধ্যমে ক্যাডার হওয়া শিক্ষকদের অভিযোগ, বিসিএস পরীক্ষা এবং জাতীয়করণের মাধ্যমে নিয়োগ পাওয়া শিক্ষক, উভয়কে ক্যাডার মর্যাদা দেওয়া হলে শিক্ষকদের পদোন্নতিতে তীব্র প্রতিযোগিতা হবে। পদোন্নতিতে জটিলতা তৈরি হবে। পিছিয়ে পড়বেন বিসিএস দেওয়া ক্যাডার শিক্ষকরা। এ জন্য বিসিএসের মাধ্যমে নিয়োগ পাওয়া শিক্ষকরা চাইছেন না জাতীয়করণ হওয়া কলেজ শিক্ষকরা ক্যাডারভুক্ত হোক। তারা চাইছেন আত্তীকরণ বিধিমালা-২০০০ সংশোধন।

জানা গেছে, জাতীয়করণ হওয়া কলেজ শিক্ষক-কর্মচারী আত্তীকরণ বিধিমালা ২০০০-এ বলা হয়েছে, জাতীয়করণের আগে কোনো শিক্ষক চার[illegible]রের কম চাকরি করলে ওই চাকরিকাল গণ্য করা হবে না। চার বছর বা এর বেশি চাকরি করলে মোট চাকরিকালের অর্ধেক গণ্য করা হবে। আর কোনো শিক্ষকের সরকারি হিসাবে নিয়মিতকরণের আদেশ প্রদানের তারিখ থেকে তার ক্যাডারের প্রভাষক পদে জ্যেষ্ঠতা গণনা করা হবে এবং তিনি ক্যাডারের প্রভাষক পদে নিয়োগকৃত সর্বশেষ কর্মকর্তার নিচে অবস্থান করবেন।